

এসআই (পার্সোনেল ম্যানেজমেন্ট-২)  
বাংলা পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

তারিখ... ২৪/০১/২৪

ডায়েরি নং: ৪৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ  
মিরপুর-১৪, ঢাকা-১২০৬

২৩৪

তারিখ: ২৪/০১/২০২৪ খ্রিঃ।

বিষয়: Post Graduate Diploma in Security Management (PGDSM)-এর ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ভর্তি  
বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ কর্তৃক পরিচালিত Post Graduate Diploma in Security Management (PGDSM) শীর্ষক ডিপ্লোমা প্রোগ্রামে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে (১ম ব্যাচ) শিক্ষার্থী ভর্তি কার্যক্রম চলমান রয়েছে। নিরাপত্তা ব্যবস্থাপনার তাত্ত্বিক ও ব্যবহারিক উপাদানগুলো সম্পর্কে সম্যক ধারণা প্রদান, বেসরকারী অংশীজনের অগ্রহণের সুযোগ সৃষ্টি, সরকারী/বেসরকারী নিরাপত্তার ক্ষেত্রে পেশাদার নেতৃত্বের বিকাশসহ ব্যক্তিগত, প্রতিষ্ঠানিক ও শিল্প নিরাপত্তা ক্ষেত্রে যোগ্য ও পেশাদার জনবল সৃষ্টির মাধ্যমে টেকসই নিরাপত্তা সেক্টরের বিকাশে সহায়তা করা এবং পুলিশসহ অন্যান্য পেশাজীবী কর্মকর্তাদের মধ্যে আন্তঃসম্পর্ক বৃদ্ধি ও আন্তঃযোগাযোগ সৃষ্টি করাই এ শিক্ষা কার্যক্রমের উদ্দেশ্য।

যোগোপযোগী এই কোর্সে নিরাপত্তা ব্যবস্থাপনার (সরকারী ও বেসরকারী) সকল বিষয়ে যথা পদ্ধতি, প্রয়োগ, আইনগত ও প্রশাসনিক বিধি-বিধান, তথ্য-প্রযুক্তির ব্যবহার ইত্যাদি বিষয়ে গুরুত্বারোপ করা হয়েছে যা শিক্ষার্থীদের পেশাগত উৎকর্ষ অর্জনে সহায়ক হবে। পুলিশের যে সকল কর্মকর্তা অবসর গ্রহণের পর নিরাপত্তা ব্যবস্থাপনা সেক্টরে কাজ করতে আগ্রহী, এই ডিগ্রী তাদের জন্য বিশেষ সহায়ক হবে। এর মাধ্যমে সরকারী-বেসরকারী অংশীজনের সমন্বয়ে ব্যক্তিগত, প্রাতিষ্ঠানিক শিল্প এবং জাতীয় পর্যায়ে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা গড়ে উঠবে, বিপদ এবং জরুরী পরিস্থিতি (অগ্নি দূর্ঘটনাসহ) মোকাবেলায় দক্ষতা সৃষ্টি করবে এবং গুরুত্বপূর্ণ সরকারী/বেসরকারী নিরাপত্তা সক্ষমতা বৃদ্ধি পাবে।

এই প্রোগ্রামে ক্লাশসমূহ সাপ্তাহিক ছুটির দিনে পরিচালিত হয়। শিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি পত্রের সাথে সংযুক্ত করা হ'ল। বাংলাদেশ পুলিশ-এ কর্মরত আগ্রহী সদস্যদের আবেদনপত্র স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর পার্সোনেল ম্যানেজমেন্ট-১ (এএসপি থেকে তদূর্ধ্ব) এবং পার্সোনেল ম্যানেজমেন্ট-২ (পুলিশ পরিদর্শক) শাখায় প্রেরণ করতে হবে। অগ্রগামী কপি সরাসরি পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এ জমা দিতে হবে।

PGDSM কোর্সের বিস্তারিত তথ্য ও ফরম পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এর ওয়েবসাইটে (www.psc.gov.bd) পাওয়া যাবে। আবেদন প্রক্রিয়া সম্পর্কে যেকোন তথ্যের জন্য জনাব সুফিয়ান আহমেদ (মোবাইল নম্বর ০১৭১৪-০৪৯১৩১), পরিচালক (একাডেমিক), জনাব ইসফাকুল কবির সরকার (মোবাইল নম্বর ০১৩২০-২১৬২১৩) সহকারী পরিচালক (একাডেমিক) অথবা জনাব মল্লিক খোরশেদ আলম (মোবাইল নম্বর ০১৭১১-৩০৫২০৬), উপ-সহকারী পরিচালক (একাডেমিক), পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনার ইউনিটে কর্মরত উপযুক্ত সদস্যদের PGDSM-এর ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ভর্তির বিজ্ঞপ্তি অবহিতকরণপূর্বক আলোচ্য ডিপ্লোমা প্রোগ্রামে ভর্তি বিষয়ে উৎসাহ প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

পার্সোনেল ম্যানেজমেন্ট-২ শাখা	
ডায়েরি নং- ৪৮	তারিখ-
এসআই-১	
এসআই-২	
সংযুক্তি	
১. PGDSM ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি -০১ পাতা।	
পিএটু এআইজি	এএসপি (পিএম-২)

SM 25/1/24  
(সুফিয়ান আহমেদ)  
পরিচালক (একাডেমিক)  
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ  
পক্ষে- রেক্টর  
মোবাইল: ০১৩২০২১৬১২১  
ইমেইল: macpm.psc@gmail.com

কার্যার্থেঃ

- অতিরিক্ত ডিআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-১) বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-২) বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

অতিরিক্ত ডিআইজি (ট্রেনিং-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।